গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১২৪.২৩.২২২.২৫.২০২ তারিখ: ১১ চৈত্র ১৪৩১ / ২৫ মার্চ ২০২৫

বিষয়: জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ০২ (দুই) দিনব্যাপী অনুষ্ঠান পরিকল্পনার জন্য আন্তঃমন্ত্রণালয় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপনের লক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মোস্তফা সরয়ার ফারুকী'র সভাপতিত্বে একটি আন্ত:মন্ত্রণালয় সভা গত ২৩ মার্চ ২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: সভার স্বাক্ষরিত কার্যবিবরণী।

২৫/০৩/২৫
(মোঃ আবদুল মালেক)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৫৫১০০৬৬৮
ই-মেইল: event.section@moca.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সিনিয়র সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সচিব, শিল্প মন্ত্রণালয়, মতিঝিল, ঢাকা;
৯. সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, তেজগাঁও, ঢাকা;
১০. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১১. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৪. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, তেজগাঁও, ঢাকা;
১৬. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৭. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৮. সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৯. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২০. সচিব, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২১. সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ক্রীড়া ভবন, ঢাকা;
২২. মহাপরিচালক, র‍্যাব, উত্তরা, ঢাকা;
২৩. কমিশনার, ঢাকা মেট্রোপলিটান পুলিশ, ৩৬ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী, রমনা, ঢাকা;
২৪. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
২৫. প্রধান তথ্য কর্মকর্তা, তথ্য অধিদফতর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;



CamScanner

২৬. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক), মেয়র আনিসুল হক সড়ক, ৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা;
২৭. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২৮. অতিরিক্ত সচিব (সকল), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৯. রেজিস্ট্রার অফ কপিরাইটস, বাংলাদেশ কপিরাইট অফিস, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
৩০. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
৩১. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা;
৩২. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা;
৩৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা;
৩৪. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফুলবাড়ীয়া, ঢাকা;
৩৫. মহাপরিচালক, বাংলা একাডেমি, রমনা, ঢাকা;
৩৬. মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা;
৩৭. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা;
৩৮. মহাপরিচালক, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, ঢাকা;
৩৯. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর, শাহবাগ, ঢাকা;
৪০. নির্বাহী পরিচালক, কবি নজরুল ইনস্টিটিউট, ধানমন্ডি, ঢাকা;
৪১. মহাপরিচালক, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা;
৪২. মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি, ঢাকা;
৪৩. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিল্পী কল্যাণ ট্রাস্ট, বর্ধমান হাউজ, রমনা, ঢাকা;
৪৪. যুগ্মসচিব (প্রশাসন)/(অনুষ্ঠান), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪৫. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ঢাকা;
৪৬. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ;
৪৭. জেলা প্রশাসক (সকল);
৪৮. পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা;
৪৯. ডীন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫০. চেয়ারম্যান, নাট্যকলা বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫১. চেয়ারম্যান, সংগীত বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫২. জনাব শায়রুল কবির খান, মিডিয়া সেল সদস্য, বিএনপি, গুলশান বিএনপি চেয়ারপার্সন অফিস, বাড়ি নং-৬, রোড নং-৮৬, গুলশান-২, ঢাকা;
৫৩. জনাব আশরাফ উদ্দিন আহমেদ উজ্জ্বল, সাংস্কৃতিক সম্পাদক, বিএনপি, ব্লক-কে, রোড-২০, বাড়ি-২৫,বনানী,ঢাকা-১২১৩;
৫৪. উপজেলা নির্বাহী অফিসার (সকল);
৫৫. সভাপতি, ছায়ানট, ছায়ানট সংস্কৃতি-ভবন, বাড়ী নং-৭২, সড়ক-১৫এ, ধানমন্ডি আ/এ, ঢাকা;
৫৬. জনাব হামিন আহমেদ, সভাপতি, বামবা;
৫৭. সভাপতি, ঋষিজ শিল্পীগোষ্ঠী, ২৫৯, ব্লক-বি, খিলগাঁও চৌধুরীপাড়া, ঢাকা;
৫৮. সভাপতি, বুলবুল ললিতকলা একাডেমি, ৭, ওয়াইজঘাট, ঢাকা;
৫৯. অধ্যক্ষ ও চেয়ারম্যান, সুরের ধারা, মিতালী এপার্টমেন্ট, ৫/বি, ২/৭, ব্লক-২, লালমাটিয়া, ঢাকা;
৬০. সভাপতি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাসা-১২/এফ, এপার্টমেন্ট-ডি/২, রোড-১২৬, গুলশান-১, ঢাকা-১২১২;
৬১. সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন;
৬২. ড. শাহমান মৈশান, সহযোগী অধ্যাপক, ঢাকা বিশ্ববিদ্যালয়;
৬৩. জনাব শিহাব নূরুন নবী, শিল্প নির্দেশক;
৬৪. জনাব মানজার চৌধুরী সুইট, সাধারণ সম্পাদক, গণসংগীত সমন্বয় পরিষদ;
৬৫. জনাব চনুমং, সভাপতি, উৎসব উদ্‌যাপন পরিষদ, বান্দরবান পার্বত্য জেলা;
৬৬. জনাব পিংকি চিরান, ব্যান্ড- এফ মাইনর;
৬৭. জনাব অলিক মৃ , গারো সাংস্কৃতিক সংগঠক;
৬৮. পরিচালক, কক্সবাজার সাংস্কৃতিক কেন্দ্র, কক্সবাজার;
৬৯. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমি, বিরিশিরি, নেত্রকোণা;
৭০. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি;
৭১. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান;
৭২. পরিচালক, ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, খাগড়াছড়ি;



CamScanner

৭৩. উপপরিচালক, রাজশাহী বিভাগীয় ক্ষুদ্র নৃগোষ্ঠীর কালচারাল একাডেমী, রাজশাহী;
৭৪. উপপরিচালক, মণিপুরী ললিতকলা একাডেমী, মৌলভীবাজার।

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতাভিত্তিক নয়):**

১. উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
২. সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩. সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা )ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ(;
৪. অফিস কপি।

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
অনুষ্ঠান শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moca.gov.bd

**জাতীয়ভাবে চৈত্র সংক্রান্তি ও বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে ০২ (দুই) দিনব্যাপী অনুষ্ঠান পরিকল্পনার জন্য আন্ত:মন্ত্রণালয় সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোস্তফা সরয়ার ফারুকী |
| | : | উপদেষ্টা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় |
| সভার তারিখ ও সময় | : | ২৩ মার্চ ২০২৫; দুপুর ১২.০০ টা |
| সভার স্থান | : | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ ও ভার্চুয়াল প্লাটফর্ম। |
| সভায় উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, পহেলা বৈশাখে নববর্ষ পালন বাংলাদেশের সকল জাতি-গোষ্ঠীর সংস্কৃতির একটি অবিচ্ছেদ্য অংশ। ১৪১৭ বঙ্গাব্দ থেকে নানা উৎসব আয়োজনের মধ্য দিয়ে বাংলা নতুন বছরকে বরণ করা হয়। প্রথমবারের মতো সরকার জাতীয়ভাবে বাংলা নববর্ষ এবং চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে একটি অন্তর্ভুক্তিমূলক উৎসব আয়োজনের উদ্যোগ গ্রহণ করেছে। অত:পর সভাপতির অনুমতিক্রমে সচিব (রুটিন দায়িত্ব) সভায় কার্যপত্র উপস্থাপন করেন।

০২. সভায় সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপনে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ সর্বসম্মতিক্রমে চূড়ান্ত করা হয়:

## বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে কর্মসূচি:

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১ | ০১ বৈশাখ ১৪৩২<br>১৪ এপ্রিল ২০২৫ | নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে ক্রোড়পত্রের পরিবর্তে পত্রিকাসমূহে বিশেষ ফিচার প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে বিশেষ গুরুত্ব দিয়ে বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতারসহ প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া সচিত্র প্রতিবেদন প্রকাশ করবে। এ বিষয়ে তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ টেলিভিশন এবং বাংলাদেশ বেতার। |
| ২.২ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন অনুষ্ঠান আবশ্যিকভাবে জাতীয় সংগীত ও 'এসো হে বৈশাখ' গান পরিবেশনের মাধ্যমে শুরু হবে। | মন্ত্রণালয়/বিভাগ (সকল), চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.৩ | ০১ বৈশাখ ১৪৩২ | ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলা অনুষদ প্রতি বছরের ন্যায় পহেলা বৈশাখে শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় ০৯.০০ টা)। এ বছর বাঙালি জনগোষ্ঠীর পাশাপাশি চাকমা, মারমা, ত্রিপুরা, গারো, মনিপুরী ও অন্যান্য জাতিগোষ্ঠী এবং নারী ফুটবলারদের অংশগ্রহণ নিশ্চিত করে একটি অন্তর্ভুক্তিমূলক সার্বজনীন শোভাযাত্রা অনুষ্ঠিত হবে। প্রত্যেক জাতিগোষ্ঠী তাদের নিজস্ব সংস্কৃতির লোকজ সংগীত ও বাদ্যযন্ত্রে নিজস্বতা ফুটিয়ে তুলবে। বাংলাদেশ শিল্পকলা একাডেমি ৩(তিন) পার্বত্য জেলার জাতি গোষ্ঠীসহ অন্যান্য সকল জাতি গোষ্ঠীর সাংস্কৃতিক দলকে শোভাযাত্রায় অংশগ্রহণের বিষয়টি সমন্বয় করবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় উক্ত শোভাযাত্রা অনুষ্ঠানটি সকল সরকারি/ বেসরকারি টিভি, রেডিও, বাণিজ্যিক রেডিও ও কমিউনিটি রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঋষিজ শিল্পী গোষ্ঠী, বামবা, অন্যান্য সাংস্কৃতিক সংগঠন, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল) এবং বেসরকারি বেতার (সকল)। |



CamScanner

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| | | থিয়েটার এ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, সুরের ধারা, ঋষিজ শিল্পীগোষ্ঠী, বুলবুল ললিতকলা একাডেমি, বাংলাদেশ নৃত্য শিল্পী সংস্থা, বাংলাদেশ গ্রুপ থিয়েটার ফেডারেশন, গণসংগীত সমন্বয় পরিষদ, উৎসব উদ্‌যাপন পরিষদ, ব্যান্ড-এফ মাইনর, সাইমুম শিল্পীগোষ্ঠী, গারো সাংস্কৃতিক সংগঠনসহ অন্যান্য সাংস্কৃতিক সংগঠনও বাংলা নববর্ষ উপলক্ষ্যে অনুষ্ঠান আয়োজন করবে। | |
| ২.৪ | ০১ বৈশাখ ১৪৩২ | ছায়ানট রমনা বটমূলে সকালে সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে (সম্ভাব্য সময় ৬.১৫ টা-৮.১৫টা)। | ছায়ানট |
| ২.৫ | ০১ বৈশাখ ১৪৩২ | সুরের ধারা ধানমন্ডির রবীন্দ্র সরোবর মঞ্চে সকল জনগোষ্ঠীকে অন্তর্ভুক্ত করে অনুষ্ঠান করবে। এ বিষয়ে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় অনুষ্ঠানটি সকল সরকারি/ বেসরকারি টিভি ও রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। | তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল), বেসরকারি বেতার (সকল) এবং সুরের ধারা। |
| ২.৬ | ০১ বৈশাখ ১৪৩২ | প্রতিটি জেলা/উপজেলায় পহেলা বৈশাখের শোভাযাত্রা ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করতে হবে। উক্ত অনুষ্ঠানে সকল জাতি গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করতে হবে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগ হতে বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।<br>জেলা শহর ও সকল উপজেলায় বাংলা নববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে রচনা প্রতিযোগিতা, সাংস্কৃতিক অনুষ্ঠান ও লোকজ মেলার আয়োজন করতে হবে। জেলা প্রশাসন জেলা/ উপজেলা পর্যায়ে আয়োজিত সকল অনুষ্ঠান সমন্বয় করবে। জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে জেলা শিল্পকলা একাডেমি এবং বাংলাদেশ শিশু একাডেমি প্রতিটি জেলা/ উপজেলায় চিত্রাংকন প্রতিযোগিতাসহ সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে।<br>এছাড়া উপজেলা প্রশাসন প্রতিটি ইউনিয়নে বৈশাখী শোভাযাত্রা আয়োজনসহ বাংলা নববর্ষ উদ্‌যাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।<br>সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত কর্মসূচি ছাড়াও জেলা ও উপজেলা প্রশাসন স্থানীয় ঐতিহ্য অনুযায়ী অন্যান্য কর্মসূচি গ্রহণ করতে পারবে। | মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বিভাগীয় কমিশনার (সকল), জেলা প্রশাসক (সকল), উপজেলা নির্বাহী অফিসার (সকল) এবং জেলা শিল্পকলা একাডেমি (সকল)। |
| ২.৭ | ০১ বৈশাখ ১৪৩২ | সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিজস্ব ব্যবস্থাপনায় উৎসবমুখর পরিবেশে ও সাড়ম্বরে বাংলা নববর্ষ উদ্‌যাপন করতে হবে। সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ এ বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে। | মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। |
| ২.৮ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা একাডেমি এবং বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক বাংলা একাডেমি প্রাঙ্গনে সুবিধাজনক সময়ে সাত দিনব্যাপী নববর্ষের মেলা, আলোচনা সভা ও অন্যান্য অনুষ্ঠানমালা আয়োজন করতে হবে। মেলায় নকশী কাঁথা, জামদানি শাড়িসহ অন্যান্য হস্তশিল্প এবং বস্ত্রশিল্পের স্টল বরাদ্দের বিষয়টি নিশ্চিত করতে হবে। মেলার বিষয়ে ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। সম্ভাব্য ক্ষেত্রে বিভাগীয়/ জেলা পর্যায়ে বিসিক এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি, বাংলাদেশ (নাসিব) কর্তৃক স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে মেলার আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলা একাডেমি, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) এবং জাতীয় ক্ষুদ্র ও কুটির শিল্প সমিতি বাংলাদেশ (নাসিব), জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |



CamScanner

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- |
| ২.৯ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন কর্তৃক ফাউন্ডেশন প্রাঙ্গনে ঐতিহ্যবাহী বৈশাখী মেলা আয়োজন করা হবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন |
| ২.১০ | ০১ বৈশাখ ১৪৩২ | সকল কারাগার, হাসপাতাল ও শিশু পরিবারে (এতিমখানা) ঐতিহ্যবাহী বাংলা খাবার সরবরাহের ব্যবস্থা গ্রহণ করতে হবে। শিশু পরিবারের শিশুদের নিয়ে ঐতিহ্যবাহী সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করবে।<br>কয়েদিদের তৈরি বিভিন্ন দ্রব্যাদির প্রদর্শনীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। কারাবন্দীদের পরিবেশনায় সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ও নাটক প্রদর্শনীর বিষয়ে প্রয়োজনে বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতা নেয়া যেতে পারে। | সুরক্ষা সেবা বিভাগ, জননিরাপত্তা বিভাগ, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, কারা অধিদপ্তর এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.১১ | ০১ বৈশাখ ১৪৩২ | বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহে বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানাদির আয়োজন করতে হবে। বাঙালি, চাকমা, মারমা, ত্রিপুরা, গারো ও অন্যান্য জাতিগোষ্ঠীর সংস্কৃতি তুলে ধরে অনুষ্ঠান আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়। |
| ২.১২ | ০১ বৈশাখ ১৪৩২ | সকল জাদুঘর ও প্রত্নস্থান সর্বসাধারণের জন্য উন্মুক্ত রাখতে হবে (শিশু-কিশোর, ছাত্র-ছাত্রী প্রতিবন্ধী ও বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের বিনা টিকেটে প্রবেশের সুযোগ থাকবে)। বাংলা নববর্ষের ইতিহাস ও ঐতিহ্য নিয়ে বিশেষ প্রদর্শনীর ব্যবস্থা করতে হবে। | বাংলাদেশ জাতীয় জাদুঘর, প্রত্নতত্ত্ব অধিদপ্তর, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন এবং রাঙ্গামাটি ও বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট জাদুঘর। |
| ২.১৩ | ০১ বৈশাখ ১৪৩২ | অভিজাত হোটেল ও ক্লাব বাংলা নববর্ষ উপলক্ষ্যে বিশেষ অনুষ্ঠানমালা ও ঐতিহ্যবাহী বাংলা খাবার আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়। |
| ২.১৪ | ০১ বৈশাখ ১৪৩২ | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাভুক্ত সংশ্লিষ্ট দপ্তরসমূহ কর্তৃক বাংলা নববর্ষ উপলক্ষ্যে আলোচনা সভা, প্রদর্শনী, কুইজ প্রতিযোগিতা, রচনা প্রতিযোগিতা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও অনুষ্ঠানমালার আয়োজন করতে হবে। | গণগ্রন্থাগার অধিদপ্তর, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, বাংলাদেশ জাতীয় জাদুঘর, কবি নজরুল ইন্সটিটিউট, কপিরাইট অফিস এবং জাতীয় গ্রন্থকেন্দ্র। |
| ২.১৫ | ০১ বৈশাখ ১৪৩২ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/কেন্দ্র/ একাডেমিসমূহ তাদের নিজস্ব ব্যবস্থাপনায় অনুষ্ঠান আয়োজন করবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, রাঙ্গামাটি, বান্দরবান, খাগড়াছড়ি, বৈসাবি অনুষ্ঠান একসাথে উদ্‌যাপন করবে। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট/ কেন্দ্র/ একাডেমি। |
| ২.১৬ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষ্যে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের পৃষ্ঠপোষকতায় এবং শিল্পকলা একাডেমির উদ্যোগে বাংলাদেশ জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় একটি বর্ণাঢ্য ড্রোন শো ও সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। | বাংলাদেশ সংসদ সচিবালয়, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় এবং বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.১৭ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উপলক্ষ্যে চৈত্র সংক্রান্তিতে সোহ্‌রাওয়ার্দী উদ্যান, ঢাকায় চৈত্র সংক্রান্তি কনসার্ট আয়োজন করা হবে, যেখানে মাইলস্, ওয়ারফেজ, দলছুট, এভোয়েড রাফা, ভাইকিংস্ এবং স্টোন ফ্রি ব্যান্ড দল গান পরিবেশন করবে। এছাড়া নববর্ষ উপলক্ষ্যে পহেলা বৈশাখে ভ্রাম্যমান সংগীত, নববর্ষ উদ্‌যাপন, চিত্র প্রদর্শনী ও লাঠিখেলার আয়োজন করা হবে। | বাংলাদেশ শিল্পকলা একাডেমি। |
| ২.১৮ | ০১ বৈশাখ ১৪৩২ | প্রতিটি জেলা ও উপজেলায় নববর্ষের অনুষ্ঠান আয়োজনে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় হতে এ বছরই প্রথম প্রতিটি জেলায় ১,০০০০০/ (এক লক্ষ) টাকা করে বরাদ্দ প্রদান করবে, যা পূর্বে ছিল ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং প্রতিটি উপজেলা পর্যায়ে নববর্ষ অনুষ্ঠান আয়োজনের জন্য ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা করে বরাদ্দ প্রদান করা হবে, যা পূর্বে ছিল ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা। | সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

| ক্রমিক | তারিখ/সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ২.১৯ | ০১ বৈশাখ ১৪৩২ | আগামী ১২ এপ্রিল ২০২৫ তারিখে তিন পার্বত্য জেলা পার্বত্য কমপ্লেক্স থেকে শোভাযাত্রা করে রমনা পার্কে এসে ফুল ভাসানোর অনুষ্ঠান আয়োজন করবে। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় উক্ত অনুষ্ঠান সকল সরকারি/ বেসরকারি টিভি ও রেডিওতে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় তিন পার্বত্য জেলায় উৎসবমুখর পরিবেশে বিভিন্ন জাতিগোষ্ঠীর নববর্ষ উদ্‌যাপনের জন্য প্রয়োজনীয় সহযোগিতা ও নির্দেশনা প্রদান করবে। | পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, তথ্য অধিদফতর, তিন পার্বত্য জেলা, বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস), বেসরকারি টেলিভিশন চ্যানেল (সকল) এবং বেসরকারি বেতার (সকল)। |
| ২.২০ | ০১ বৈশাখ ১৪৩২ | জাতীয় পর্যায়ে আয়োজিত অনুষ্ঠানসহ জেলা-উপজেলা পর্যায়ে আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থাসমূহ বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপনে আয়োজিত অনুষ্ঠানসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করবে। নিরাপত্তার পাশাপাশি সর্বস্তরের জনসাধারণের অনুষ্ঠানস্থলে নির্বিঘ্নে আসার বিষয়েও দৃষ্টি রাখতে হবে। এছাড়া অগ্নি নিরাপত্তা নিশ্চিতকল্পে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স প্রয়োজনীয় সহযোগিতা দিবে। | জননিরাপত্তা বিভাগ ও সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, র‍্যাব, জেলা প্রশাসক (সকল), পুলিশ সুপার (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.২১ | ০১ বৈশাখ ১৪৩২ | জেলা/উপজেলা পর্যায়ে আয়োজিত মেলায় দেশীয় ঐতিহ্য ও লোকজ সংস্কৃতির প্রতিফলন ঘটাতে হবে। মেলায় কোনক্রমেই জুয়া বা অশ্লীল কিছু যেন স্থান না পায় সে বিষয়ে স্থানীয় প্রশাসন প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। | জেলা প্রশাসক (সকল) এবং উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |
| ২.২৩ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক চিকিৎসা সেবাকেন্দ্র স্থাপন করতে হবে। | স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। |
| ২.২৪ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে ঢাকা ওয়াসার পক্ষ হতে বিশুদ্ধ খাবার পানি সরবরাহের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | স্থানীয় সরকার বিভাগ এবং ঢাকা ওয়াসা। |
| ২.২৫ | ০১ বৈশাখ ১৪৩২ | বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে সোহরাওয়ার্দী উদ্যান ও রমনা পার্কের আশেপাশে সুবিধাজনক স্থানে প্রয়োজনীয় সংখ্যক ভ্রাম্যমান টয়লেট স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ/ অনুষ্ঠান চলাকালীন সময় সংশ্লিষ্ট এলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখতে হবে। | গণপূর্ত অধিদপ্তর, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ; জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন। |
| ২.২৬ | ০১ বৈশাখ ১৪৩২ | সাংস্কৃতিক ঐতিহ্য হিসেবে বাংলা নববর্ষের গুরুত্ব সম্পর্কে সামাজিক যোগাযোগ মাধ্যমে ও বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং ইসলামিক ফাউন্ডেশন। |

**৩.০ সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি বাংলা নববর্ষ ১৪৩২ উদ্‌যাপন উপলক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের ঐকান্তিক সহযোগিতা প্রত্যাশা করে উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।**

24/03/25

**মোস্তফা সরয়ার ফারুকী**
**উপদেষ্টা**

CamScanner